

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।



ওয়েব সাইট : www.rdotekhulna.gov.bd

বিষয়: “১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস- ২০২২” উদযাপনের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইসরাইল হোসেন, পরিচালক (উপসচিব)।

সভার তারিখ : ২৮/০২/২০২২ খ্রি.

সময় : বিকাল ৩.০০ মি.

স্থান : পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, প্রতি বছরের ন্যায় এ বছরও যথাযোগ্য মর্যাদায় “১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস- ২০২২” উদযাপন করা হবে। দিবসটির ঐতিহাসিক গুরুত্ব ও সচেতনতা আগামী প্রজন্মের মধ্যে যথাযথভাবে সঞ্চারণ করতে হবে। জাতীয় প্রোগ্রামের সাথে সামঞ্জস্যপূর্ণভাবে বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে দিবসটি পালন করা হবে। তিনি সহকারী আঞ্চলিক পরিদর্শক জনাব সুসান্ত কুমার সাহা-কে সামাজিক দূরত্ব বজায় রেখে সভার কার্যক্রম উপস্থাপনের অনুমতি দেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে “১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস- ২০২২” উপলক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত
০১	১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস- ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালন।	১.১ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমালা অর্পণ। ১.২ ১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন উপলক্ষ্যে কেককাটা। ১.৩ “উন্নত সোনারবাংলা বিনির্মাণে জাতির পিতার ভাবনা” বিষয়ক আলোচনা সভা। ১.৪ “বঙ্গবন্ধু ও বাংলাদেশের স্বাধীনতা” শিরোনামে রচনা প্রতিযোগিতার আয়োজন। ১.৫ অনলাইন Zoom প্লাটফর্মে কবিতা আবৃত্তি সময়- সকাল ১০.০০ ঘটিকায় (Zoom ID: 4330327947, passcode: 1234D) ১.৬ চিত্রাংকন (শিশুদের জন্য)। ১.৭ ব্যাডমিন্টন প্রতিযোগিতা (বিকাল ০৪.০০ ঘটিকায়)। ১.৮ দোয়া-মাহফিল (বাদ আছর)।

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইসরাইল হোসেন)
পরিচালক (উপসচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
খুলনা বিভাগ।

ই-মেইল: rdokhulna@gmail.com

ফোনঃ ০২৪৭৭৭০০৩৪১

তারিখঃ ০৬/০৩/২০২২ খ্রি.

স্মারক নং : ৫৭.০৩.৩৩৪৫.১০৬.০৬.০০১.২২. ২৮০(২)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ।

৩। পরিচালক (প্রশাসন/পলিটেকনিক/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৪। জেলা প্রশাসক (সকল), খুলনা বিভাগ।

৫। অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট (সকল), খুলনা বিভাগ।

৬। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল), খুলনা বিভাগ।

৭। সহকারী পরিচালক (শাখা-১/৩/৫/৬), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৮। অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক, এমপিওভূক্ত/নন-এমপিওভূক্ত, বি.এম কলেজ/সংযুক্ত ও স্বতন্ত্র এস.এস.সি (ভোকঃ)

স্কুল/মাদ্রাসা/কলেজ/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান (সকল) এবং বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট (সকল), খুলনা বিভাগ।

৯। সংরক্ষণ নথি।